ওসি মোয়াজ্জেম হোসেনের ৮ বছরের কারাদণ্ড

ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফির বক্তব্য ভিডিও করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়ার অভিযোগে সোনাগাজী মডেল থানার সাবেক ওসি মোয়াজ্জেম হোসেনের ৮ বছরের কারাদণ্ড দিয়েছে ট্রাইব্যুনাল।

বৃহস্পতিবার বাংলাদেশ সাইবার ট্রাইব্যুনালের বিচারক মোহাম্মদ আস-শামস জগলুল হোসেন এ রায় ঘোষণা করেন।

বিস্তারিত আসছে….

চুয়াডাঙ্গার চাকুলিয়া সীমান্তে বাংলাদেশীকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করেছে অজ্ঞাতরা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার চাকুলিয়া সীমান্তে গণি মিয়া (৩০) নামের বাংলাদেশী এক গরু ব্যবসায়ীকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করেছে অজ্ঞাতরা।

গতকাল মঙ্গলবার সকালে আহত অবস্থায় তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। নিহত গণি মিয়া চাকুলিয়া গ্রামের তাহের উদ্দিনের ছেলে।

স্থানীয়রা জানায়, সোমবার রাতে গণি মিয়াসহ ৫/৬ জনের একটি দল গরু আনতে ভারতে যায়। ভারতের প্রবেশের পর অজ্ঞাত ব্যক্তিরা তাদের ধাওয়া করলে মণি মিয়া তাদের হাতে ধরা পড়ে। পরে ভোর ৫টার দিকে সীমান্তে আহত অবস্থায় পরে থাকতে দেখা যায় তাকে। এলাকাবাসীর ধারণা ভারতীয় বিএসএফ অথবা জনগণ তাকে কুপিয়ে ও পিটিয়ে আহত করে ফেলে রেখে যায়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. সোহরাব হোসেন জানান, সকাল সাড়ে ৬টার দিকে গণি মিয়াকে মৃত অবস্থায় হাসপাতালে আনা হয়। নিহতের বাম পায়ে ধারালো অস্ত্র দিয়ে কোপানোর গভীর ক্ষত রয়েছে। একই সাথে পিটুনির আলামতও আছে। ধারণা করা হচ্ছে অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়েছে।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান জানান, বাংলাদেশী নাগরিককে কুপিয়ে ও পিটিয়ে হত্যার ঘটনা তিনি শুনেছেন। তবে কে বা কারা তাকে হত্যা করেছে এ বিষয়ে এখন নিশ্চিত নয় বিজিবি। এ বিষয়ে বিজিবি ভারতীয় বিএসএফ’র সাথে যোগাযোগ হলে বিকালে দু’দেশের সীমান্ত বাহিনীর মধ্যে পতাকা বৈঠক হয়েছে। পতাকা বৈঠকে বিএসএফ এ দায় অস্বীকার করে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুরে প্রস্তুত হচ্ছে ব্যারেল চিমনির ইটভাটা

মেহেরপুরের বিভিন্ন স্থানে অবৈধ ভাবে ব্যারেল চিমনি দিয়ে ইটভাটা প্রস্তুত করার কাজ চলছে। ইতিমধ্যে ইটকাটা শুরু করেছে ভাটা মালিকরা। ফলে পরিবেশ দুষনের আশংকা দেখা দিচ্ছে। গত বছরই ব্যারেল চিমনির ইটভাটা চুড়ান্তভাবে বন্ধ ঘোষনার পরেও বেশ কিছু ভাটা মালিক ব্যারেল চিমনির ভাটা প্রস্Í◌ুত করছেন।

জেলা প্রশাসন, পরিবেশ অধিদপ্তর ও সাংবাদিকদের ম্যানেজ করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন ওই সকল ভাটা মালিকরা। যে কোনভাবে চলতি বছর তারা ব্যারেল চিমনির ভাটা চালাতে উঠে পড়ে লেগেছেন।

এদিকে গত বছর মেহেরপুরের বর্তমান জেলা প্রশাসক মো: আতাউল গনি ইটভাটা মালিক সমিতির সাথে মতবিনিময় সভায় বলেছিলেন. মেহেরপুরে হয় ব্যারেল চিমনির ইটভাটা থাকবে, নয়তো আমি ডিসি হিসেবে মেহেরপুরে

থাকবো। কিন্তু এই হুশিয়ারির পরেও ব্যারেল চিমনি ইটভাটা প্রস্ততির কাজ চলছে।

সরেজমিনে দেখা যায়, মেহেরপুর সদর উপজেলার টেংরামারি, টুঙ্গি, কলাইডাঙ্গা, বলিয়ারপুর গ্রামে ব্যারেল চিমনির ইটভাটা প্রস্তুতকরা সহ ইটকাটার কাজ চলছে।

টেংরামারি গ্রামে রবিউল ইসলাম নামের একজন ব্যারেল চিমনির ইটভাটা করেছেন। তিনি মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক।

টুঙ্গিতে আরটিবি নামের ইটভাটা প্রস্তুত করা হচ্ছে । ওই ভাটার মালিক হলেন আব্দুর রাজ্জাক দুদু। কলাইডাঙ্গা গ্রামে এসএসবি নামে ভাটা প্রস্তুত করা হচ্ছে। এই ভাটার মালিক হলেন সেলিম মোল্লা। বলিয়ার পুর গ্রামে টিএসবি নামের ভাটা প্রস্তুত করা হচ্ছে।

সেটির মালিক হলেন সেলিম ও তারিক নামের দুইজন।
এসকল ইটভাটার মালিকরা অভিন্ন ভাষায় সাংবাদিকদের বলেন, এ বছরের মত ব্যারেল চিমনি ভাটার অনুমোদনের জন্য জেলা প্রশাসকের কাছে আবেদন করেছেন।

আগামি বছরে তারা ফিক্সড চিমনি তৈরি করবেন। যদিও খোঁজ নিয়ে জানা গেছে, জেলা প্রশাসকের কাছে এ ধরণের কোন আবেদন করা হয়নি।

এ ব্যাপারে মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনি বলেন, ব্যারেল চিমনি ভাটা তৈরির কোন সুযোগ নাই।

তারা জোর করেই এই ভাটা গুলো তৈরি করছেন। এ ব্যাপারে আপনাদের (সাংবাদিকদের) সহযোগীতা চাই। দ্রæত ওই ইটভাটাগুলো বন্ধের ব্যবস্থা গ্রহণ করা হবে।

- নিজস্ব প্রতিবেদক

ইটভাটায় শিশু শ্রমিক

মেহেরপুর সদর উপজেলার টেংরামারি গ্রামে অবৈধ ব্যারেল চিমনির ইটভাটায় শিশূ শ্রমিকদের কাজে লাগানো হয়েছে। স্বল্প খরচের সুযোগ নিয়ে এসকল ভাটা মালিকারা কোমলমতি শিশুদের দিয়ে ঝুকিপূর্ণ এসব কাজ করিয়ে নিচ্ছেন।

সোমবার সরেজমিনে গিয়ে দেখা যায়, টেংরামারি গ্রামের রবিউল ইসলামের ব্যালের চিমনির ইটভাটায় তিন স্কুল ছাত্রকে দিয়ে ইট সাজানোর কাজ করানো হচ্ছে। এদের মধ্যে আরিফ, সজিব ও সাফিন নামের তিন প্রাইমারী স্কুল ছাত্র এ কাজ করছে। এদের মধ্যে আরিফ প্রথম শ্রেণীতে এবং সজিব ও সাফিন পঞ্চম শ্রেণীর ছাত্র।

তারা জানায়, স্কুলে যাওয়ার আগে ভোর বেলা থেকে তারা ভাটায় ইট সাজানোর কাজ করে। তিন চার ঘন্টা কাজ করে । তারা পারিশ্রামিক হিসেবে পায় ১০ থেকে ১৫ টাকা প্রতি জন।
ভাটা মালিক রবিউল ইসলাম বলেন, ওরা মিষ্টি খাওয়ার জন্য নিজের ইচ্ছায় এই কাজ করে।

- নিজস্ব প্রতিবেদক

“ঐতিহাসিক মেহেরপুর মুজিবনগর” এর উদ্যোগে কম্বল বিতরণ

সামাজিক ও ফেসবুক সংগঠন “ঐতিহাসিক মেহেরপুর মুজিবনগর” গ্রুপের পক্ষ থেকে গত কাল রাতে শহরের বিভিন্ন স্থানে খুঁজে খুঁজে অসহায় ও মানসিক প্রতিবন্ধীদের মাঝে কম্বল ও খাবার বিতরণ।

এর আগে গত শুক্রবার গ্রুপের পক্ষ থেকে ১ টি নতুন সাউন্ড সিস্টেম ইন্তেবাহুল উম্মাহ মাদ্রাসায় প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি মো: কামরুজ্জমান পলাশ, সহ-সভাপতি মো: হোসেন খাঁন রিপন, সাধারণ সম্পাদক রাব্বি আহমেদ ইমন,

সহ-সাধারণ সম্পাদক মাহবুবউর রহমান নয়ন, সাংগঠনিক সম্পাদক তারিকুল ইসলাম রাজিব, সহ-সাংগঠনিক সম্পাদক মাহাবুব জামান সোহাগ, কোষাধাক্ষ আবির, দপ্তর সম্পাদক- রিপন, সুজন, সজিব, সিজান, লিটন সহ অন্যান্য সদস্যবৃন্দ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর ফুটবল এসোসিয়েশনের নির্বাচনে সভাপতি হলেন আতাউল হাকিম লাল মিয়া

মেহেরপুর জেলা ফুটবল এসোসিয়েশনের চতুর্থ বার্ষিক নির্বাচনে সভাপতি সহ সকল প্রার্থী বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছেন।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টার দিকে নির্বাচন কমিশনার নুরুল আহমেদ বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত সদস্যদের নাম ঘোষণা করেন।

এ নির্বাচন ১৩ টি পদের বিপরীতে ১৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দেয়। মনোনয়নপত্রের জমাদানের শেষ দিনে ২জন প্রার্থী তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নিলে সবকটি পদে একক প্রার্থী হিসেবে থাকে। যে কারণে নির্বাচনের কোনো প্রয়োজন পড়েনি।

বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত সভাপতি সহ ১৩ জনের নাম ঘোষণা করেন। সভাপতি হলেন কে এম আতাউল হাকিম লাল মিয়া, সহ-সভাপতি পদে জিয়াউদ্দিন বিশ্বাস ও আতর আলী, কোষাধ্যক্ষ পদে সৈয়দ এহসানুল কবির আরিফ, সদস্য পদে আনোয়ারুল হক শাহী, শাহিনুর রহমান রিটন, সোহেল রানা সবুজ, শহিদুল ইসলাম, অ্যাড. কাজী শহীদুল হক, মোস্তাফিজুর রহমান, ওমর ফারুক, আনারুল ইসলাম, লতিফন নেছা লতা।

- নিজস্ব প্রতিনিধি

স্বর্ণ পাচার মামলায় ২ জনের ১৪ বছর করে কারাদন্ড

চুয়াডাঙ্গায় পৃথক দুটি স্বর্ণ পাচার মামলায় দুই জনকে ১৪ বছর করে কারাদন্ড দিয়েছেন আদালত।
গতকাল মঙ্গলবার বিকালে স্পেশাল ট্রাইব্যুনাল আদালত-১’র বিচারক মোহা: রবিউল ইসলাম আসামীর উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন।

রায় ঘোষণার পর পুলিশ প্রহরায় তাদের জেলা কারাগারে নেওয়া হয়। সাজা প্রাপ্তরা হলেন- মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলার দিতপুর গ্রামের মোহাম্মদ সারাফত শরিফের ছেলে মেসরিন ও বরিশাল জেলার বানুরিপাড়া উপজেলার দরিশর গ্রামের নুরুল হকের ছেলে সৈয়দ রুমান।

মামলার বিবরণ সূত্রে জানা যায়, ২০১৯ সালের ২০ জুন সকালে দুই জন ব্যক্তি অবৈধভাবে বাংলাদেশ থেকে ভারতে স্বর্ণ পাচারের জন্য চুয়াডাঙ্গার জয়নগর চেকপোস্ট এলাকায় আসেন। দর্শনা আইসিপি বিওপির একটি টহল দল গোপন সংবাদের ভিত্তিতে চেকপোস্ট এলকায় সন্দেহভাজন দুই জনকে আটক করে। পরে তাদের দেহ তল্লাশি করে ১০৫ ভরি ওজনের স্বর্ণের চেইন উদ্ধার করে।

এ ঘটনায় দর্শনা আইসিপি বিওপির হাবিলদার জাহাঙ্গীর হোসেন বাদী হয়ে দামুড়হুদা থানায় পৃথক দুটি মামলা দায়ের করেন।

দামুড়হুদা থানার এসআই মিল্টন সরকার ও এসআই গাজী আবু কাইয়ুম পৃথক দুটি মামলায় দুই জনকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দাখিল করেন।

দুটি মামলার সাক্ষীদের সাক্ষ্য গ্রহণ শেষে গতকাল মঙ্গলবার বিকালে স্পেশাল ট্রাইবুনালের বিচারক আসামীদের উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন।

রায়ে মেসরিন ও সৈয়দ রুমানকে ১৪ বছর করে কারাদন্ড প্রদান করেন। আর আটক স্বর্ণ রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করেন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

ফল আর্মি ওয়ার্র্ম পোকার আক্রমণ থেকে রক্ষা পেতে প্রশিক্ষণ দিচ্ছে সিমিট-বাংলাদেশ

ফল আর্মি ওয়ার্ম বাংলাদেশে একটি নতুন এবং মারাত্মক ক্ষতিকর পোকা। এই পোকাটি প্রায় ৮০ টি ফসলে আক্রমণ করে থাকে তবে তারমধ্যে এরা ভুট্টা ফসলে সবচেয়ে বেশি ক্ষতি করে থাকে। বাংলাদেশে এই পোকা গত ২০১৮ সনের নভেম্বর মাস হতে ভুট্টা ফসলে আক্রমণ শুরু করেছে এবং বিগত খরিফ মৌসুমে অনেক অঞ্চলে তাদের ব্যাপকভিত্তিক আক্রমণ পরিলক্ষিত হয়।

বাংলাদেশে ২০১৯-২০ রবি মৌসুমে উক্ত ফসলে ফল আর্মিওয়ার্ম পোকার আক্রমণের মাত্রা অনেকাংশে বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। সে কারণে কৃষি মন্ত্রণালয়ের অধীনে কৃষি স¤প্রসারণ অধিদপ্তর, আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (সিমিট) এর কারিগরী ও ইউএসএআইডি এর আর্থিক সহযোগিতায় উক্ত পোকাটির নিবিড় পর্যবেক্ষণ কার্যক্রম শুরু করতে যাচ্ছে। সেজন্য পোকাটি সনাক্তকরণ, মাঠ পর্যায়ে এদের বিস্তৃতির ধরণ এবং সে সাথে এদের সঠিক ব্যবস্থাপনার উপর মাঠপর্যায়ের কর্মরত বিজ্ঞানী, স¤প্রসারণ কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা একান্তভাবে জরুরী হয়ে পড়েছে।

সে লক্ষ্যে সিমিট-বাংলাদেশ, ইউএসএআইডি (USAID) এর আর্থিক সহায়তায় ৫ (পাঁচ) টি ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি বিগত ১২ নভেম্বর হতে শুরু হয়ে আগামী ২ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত চলবে। চুয়াডাঙ্গার তিন তারকা হোটেল সাহিদ প্যালেস এর রাফেল কনফারেন্স হলে পৃথক ৫টি কর্মসূচি উদ্বোধন ও প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ বক্তব্য দেন কৃষি সম্প্রসারণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আব্দুর রউফ, অতিরিক্ত সচিব কমলা রঞ্জন দাস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ডিজি ড. আব্দুল মুহিত, পরিচালক চন্ডি দাস কুন্ডু, পরিচালক (প্ল্যান প্রোটেকশন উইং) এ জেড এম সাব্বির ইবনে জাহান,

অতিরিক্ত পরিচালক মোহাম্মদ আলী, বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান (বিএআরআই) এর ডিজি ইউসুফ মিয়া, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইন্সটিটিউটের ডিজি ড. ইসরাইল হোসেন প্রমুখ।

এছাড়া ফল আর্মিওয়ার্ম পোকাটির নিবিড় পর্যবেক্ষণ তথা তাদের সংখ্যা উপস্থিতি নির্ধারণের জন্য সিমিট বাংলাদেশ “ইউএসএআইডি অ্যাপস” নামে একটি অ্যাপস তৈরী করেছে উক্ত অ্যাপস ভুট্টা, বাধাকপি, টমেটো এবং অন্যান্য ফসলের পোকার সংখ্যা ও উপস্থিতি নির্ধারণ করবে যা কৃষি স¤প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট এর মাধ্যমে পর্যবেক্ষণ করা হবে।

কিভাবে এই অ্যাপসটি ব্যবহৃত হবে সে বিষয়ে নভেম্বর মাসে স¤প্রসারণ কর্মীগন প্রশিক্ষিত হবেন, ফলে জেলা ও উপজেলা পর্যায়ে ফল আর্মি ওয়ার্ম এর আক্রমনের প্রকৃত সময়ের তথ্য (Real time data) প্রদান শুরু হবে যা সমন্বিত বালাই দমনের সিদ্ধান্ত গ্রহনে ব্যবহৃত হবে এবং অন্যান্য আন্তর্জাতিক তথ্য ও মনিটরিং সিস্টেমের সাথে সমন্বয় করা যেতে পারে।

- নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গার ভালাইপুরের শাজান সজীবের বিরুদ্ধে জমি দখলের অভিযোগ

চুয়াডাঙ্গার ভালাইপুর গ্রামের শাজান সজীব শতাধিক লোকের নামে মামলায় দিয়ে জমি দখলের চেষ্টা করেছেন বলে অভিযোগ উঠেছে।

এমনকি গোকুলখালী মাধ্যমিক বিদ্যালয়ের নামেও তিনি মামলা করেছেন বলে অভিযোগকারীরা জানান।
কুলপালা গ্রামের রফিকুল ইসলাম লিখিত অভিযোগে জানান, ভালাইপুর গ্রামের শাহ মো. শাজান বিভিন্ন সময়ে অন্যের জমি নিজের দাবি করে

মামলা করে আসছেন।

এ বিষয়ে গোকুলখালী মাধ্যমিক বিদ্যালয়ের নামে মামলা করেন শাজান সজীব। মামলা তুলে নিতে কমিটির কাছে ২০ লাখ টাকা দাবি করা হয়েছে বলে অভিযোগ তোলা-হয়।

এছাড়াও তিনি এলাকার শতাধিক মানুষের নামে মামলা দিয়ে তাদের নিকট থেকে ১০ থেকে ২০ লাখ টাকা দাবি করে আসছেন। গত ২৩ নভেম্বর শাজান সজীব কুলপালা গ্রামের মৃত শাহ কেরামত আলীর জমির বাউন্ডারি পাঁচিলের কিছু অংশ ভাঙচুর করে ও জমিতে নির্মাণাধীন বিল্ডিংয়ের রড কেটে নিয়ে যান এবং জমিতে থাকা বিভিন্ন গাছপালা কেটে দেন।

এমন সময় স্থানীয় লোকজন জমির মালিক মৃত শাহ্ কেরামত আলীর ছেলেদেরকে খবর দেয়। জমির মালিকগণ শাজান সজীব ও তার লোকজনের নামে জিডি করে।

- চিৎলা প্রতিনিধি

দামুড়হুদায় তুলা চাষে বাম্মার ফলন

দর্শনা পাকৃষ্ণপুর মাঠে তুলা উন্নয়ন বোর্ডের রাজস্ব বাজেটের অর্থায়নে তুলা উৎপাদন ও চাষীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মাঠ দিবসে কৃষক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১১টায় সাবেক তুলা ইউনিট অফিসের অফিসার সাজেদুর রহমান এর সভাপতিত্বে তুলা উন্নয়ন বোর্ড চুয়াডাঙ্গা জোনের উদ্যোগে পাকৃষ্ণপুর মাঠে এ কৃষক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।
এ প্রশিক্ষনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা তুলা উন্নয়ন কর্মকর্তা ড. অব্দুস সালাম।

অতিথি ছিলেন কটোন ইউনিট অফিসার হাবিবুর রহমান ও সিরাজুল ইসলাম, দর্শনা সহকারী ইউনিট অফিসার সাইফুল ইসলাম। চাষীদের মধ্যে ছিলেন

ইমদাদুল হক, জাকির হোসেন প্রমুখ।

মদনা ও পারকৃষ্ণপুর গ্রামের ৪০জন তুলা চাষী এ প্রশিক্ষনে অংশ নেয়। এ বছর তুলার উৎপাদন খুব ভালো। বিঘা প্রতি ১৫/১৮ মন হারে তুলা উৎপাদন হবে বলে তুলা কর্মকর্তারা জানান।

দামুড়হুদা উপজেলায় চলতি বছরে ৯০০ হেক্টর জমিতে তুলা চাষের লক্ষমাত্রা নির্ধারণ করে ৭৮০ হেক্টর জমিতে তুলা চাষ হয়েছে। গত বছরের তুলনায় এ বছর ১৮০ হেক্টর বেশী জমিতে তুলা চাষ হয়েছে। যার গড় উৎপাদন ১৫ থেকে ২০ মন। গত বছর উৎপাদন ৯০০ হেক্টর লক্ষমাত্রা নিয়ে জমিতে ৬০০ হেক্টর জমিতে তুলা উৎপাদন হয়।

আবহওয়া প্রতিকুলে থাকায় কম উৎপাদন হয়েছিল। যার গড় বিঘা প্রতি ১২ থেকে ১৫ মন। সেই তুলনায় এ বছর আবহাওয়া ভাল থাকায় ফলনও ভাল হবে বলে কর্তৃপক্ষ আসা করছেন।

- দর্শনা প্রতিনিধি